দৈনিক বাংলা
সংবাদপত্রে বিজ্ঞাপন
প্রকাশ করতে
যোগাযোগ
নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/
গল্প প্রকাশিত করতে
যোগাযোগ নং -
৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746 PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 21 AUGUST 2025 ,THURSDAY | ২১ আগস্ট ২০২৫ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-369

## সংসদে ১৩০ তম সংবিধান সংশোধনী বিল পেশ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের



এই যুগ , দিল্লি ,২০ আগস্ট : বুধবার সংসদে তিন সংশোধনী বিল পেশ করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। প্রধানমন্ত্রী-মুখ্যমন্ত্রী ও মন্ত্রীরা ফৌজদারি মামলায় গ্রেপ্তার হলে তাঁদের অপসারণ সংক্রান্ত এই সংশোধনী বিল পেশ হতেই সংসদের ভিতর বিক্ষোভ শুরু করেন বিরোধী শিবিরের সাংসদরা। এমনকী বিলের খসড়া কপি ছিঁড়ে ভাষণরত কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের দিকে ছুড়ে মারা হয় বলেও অভিযোগ উঠেছে।এদিন শুরুতেই বিরোধী শিবিরের সাংসদদের তুমুল চিৎকারে মুলতুবি হয়ে যায় সংসদ। পরে ফের সংসদের কার্যক্রম শুরু হয় । কেন্দ্রশাসিত অঞ্চল সরকার (সংশোধনী) বিল ২০২৫, সংবিধান (১৩০তম সংশোধনী) বিল ২০২৫ এবং জম্মু ও কাশ্মীর পুনর্গঠন (সংশোধনী) বিল ২০২৫– এই তিন বিল এদিন সংসদে পেশ করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এই বিল পেশ হতেই এর বিরুদ্ধে প্রতিবাদে সরব হয় বিরোধীদলের সাংসদরা । বিরোধীদলের সাংসদরা আসন ছেড়ে ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে শুরু করে। প্রতিবাদে বিলের খসড়াও ছিঁড়ে ফেলেন বিরোধী দলের সাংসদরা। বিরোধীদের বিক্ষোভের মধ্যেই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানান, বিলগুলি তাড়াহুড়ো করে আনা হয়েছে। এটা নিয়ে বিবেচনা করা হবে। একইসঙ্গে বিরোধীদলের সাংসদদের বিক্ষোভ থামাতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আশ্বাস দিয়ে বলেন যে, বিলগুলি সংসদের যৌথ কমিটিতে পাঠানো হবে, যেখানে বিরোধী দল সহ উভয় কক্ষের সদস্যরা তাদের পরামর্শ দেওয়ার সুযোগ পাবেন। এদিন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বিরোধীদলের সাংসদদের আচরণ নিয়েও কটাক্ষ করেন ।

## সংবিধান সংশোধন বিলে 'শর্ত' আনলেই সমর্থন - অভিষেক





এই যুগ , কলকাতা ,২০ আগস্ট : বুধবার সংসদে মোট তিনটি বিল পেশ করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ । যার মধ্যে ১৩০তম সংবিধান সংশোধনী বিল নিয়ে সংসদে বিরোধীদলের সাংসদরা বিক্ষোভ দেখান । এই বিলের বিরোধিতা করে একাধিক বিরোধীদলের সাংসদরা। সংসদে ১৩০তম সংবিধান সংশোধনী বিল কোনওভাবেই পাশ করাতে পারবে না বিজেপি ,চ্যালেঞ্জ করলেন তৃণমূল কংগ্রেসের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়।দুর্নীতি রোখার সদিচ্ছা নিয়ে বিজেপি এই বিল পেশ করেনি, বরং ক্ষমতা কুক্ষিগত করার জন্য এই বিল আনা হয়েছে বলে দাবি করেন অভিষেক। সংবিধান সংশোধন বিলে 'শর্ত' আনলেই সমর্থন , চ্যালেঞ্জ ছুঁড়ে দিলেন তৃণমূল কংগ্রেসের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। শর্ত প্রসঙ্গে অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, "আমরা বলছি, ৩০ দিন কেন, মুখ্যমন্ত্রী বা অন্যান্য মন্ত্রীরা তদন্তকারী সংস্থার হেফাজতে ১৫ দিন থাকলে তাঁদের পদ থেকে অপসারিত করা হোক। কিন্তু একটা শর্ত রাখতে হবে। ১৫ দিনের মধ্যে তাঁদের দোষ প্রমাণিত না হলে তদন্তকারী অফিসার, জয়েন্ট ডিরেক্টরদের দ্বিগুণ সময় জেল খাটতে হবে।" অভিষেকের এও দাবি, 'এই বিল আনার একমাত্র কারণ হল বিরোধী রাজনৈতিক দলগুলিকে কী করে শেষ করে দেওয়া যায়, কী ভাবে তাঁদের মন্ত্রীদের জেলে ঢোকানো যায়, সেই ব্যবস্থা করা।'এই প্রসঙ্গে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার 'ব্যর্থতা'র পরিসংখ্যানও তুলে ধরেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।এদিন অভিষেক দলবদলু প্রসঙ্গে ও কটাক্ষ করে বলেন , যে সব রাজনৈতিক নেতা-মন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে , তাঁরা বিজেপিতে যোগদান করায় কেন সমস্ত মামলা খারিজ করে দেওয়া হয়েছে ?

## আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ২০ আগস্ট : মুর্শিদাবাদ জেলা পুলিশের ডোমকল থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার থানা এলাকায় একটি অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র। পুলিশ আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে আগ্নেয়াস্ত্রটি বাজেয়াপ্ত করে। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে তাকে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## আমাদের পাড়া আমাদের সমাধান শিবিরে হাজির ক্রেতা সুরক্ষা দপ্তর মন্ত্রী বিপ্লব মিত্র



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ২০ আগস্ট : কোচবিহার শহরের সুনীতি একাডেমি স্কুলে,দেওয়ানহাট আদর্শ হাই স্কুলে, উত্তর বিধানসভা কেন্দ্রের খাগড়াবাড়ি অঞ্চলে, তুফানগঞ্জ মহকুমার ভানুকুমারী এক ও দুই নম্বর অঞ্চলে আয়োজিত আমাদের পাড়া আমাদের সমাধান শিবির গুলিতে বুধবার উপস্থিত ছিলেন রাজ্যের ক্রেতা সুরক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী বিপ্লব মিত্র। মন্ত্রীর সাথে শিবিরে উপস্থিত ছিলেন কোচবিহারের জেলাশাসক অরবিন্দ কুমার মীনা, কোচবিহার এম জে এন হাসপাতাল ও মেডিক্যাল কলেজ রুগী কল্যান সমিতির সদস্য অভিজিৎ দে ভৌমিক সহ অন্যান্যরা। এদিন মন্ত্রী শিবিরে উপস্থিত থেকে সাধারন মানুষের সাথে কথা বলে তাদের সমস্যা গুলি সম্পর্কে অবগত হন ও সেগুলি সমাধানের জন্য স্থানীয় প্রশাসন পদক্ষেপ গ্রহন করবে বলে জানান।

# শামুকতলা থানা এলাকার নাবালিকা নিখোঁজ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ আগস্ট : শামুকতলা থানা এলাকার এক নাবালিকা নিখোঁজ হওয়ার পর চাঞ্চল্য ছড়িয়েছে। নিখোঁজের অভিযোগ দায়ের হওয়ার পরেই শামুকতলা থানার পুলিশ তদন্ত শুরু করেছে জানিয়েছেন বুধবার রাত আটটা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে নাবালিকার ঠাকুমা অভিযোগ দায়ের করেছেন তার নাতনী নিখোঁজ হয়ে গেছে। তবে নাবালিকা নিখোঁজ হয়েছেন নাকি প্রেম ঘটিত কারণে বাড়ি ছেড়ে চলে গেছেন তাই নিয়ে পুলিশের তদন্ত শুরু হয়েছে। পুলিশ আশাবাদী খুব শীঘ্রই নাবালিকা কে উদ্ধার করে তার পরিবারের হাতে তুলে দিবে।



# শিলিগুড়ি মহিলা পুলিশ থানার উদ্যোগে দুটি স্কুলে স্বয়ংসিদ্ধা কর্মসূচি




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২০ আগস্ট : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের মহিলা থানার উদ্যোগে বুধবার রবীন্দ্রনগর বালিকা উচ্চ বিদ্যালয় ও গুরুকুল বিদ্যালয়ে আয়োজিত হয় স্বয়ংসিদ্ধা কর্মসূচি। জানা গেছে এই কর্মসূচিতে শিশুদের অধিকার, বাল্য বিবাহ, মানব পাচার প্রভৃতি গুরুত্বপূর্ণ সামাজিক বিষয়ে শিক্ষার্থীদের সচেতনতার পাঠ দেওয়া হয়। পুলিশ সূত্রে জানানো হয় নিরাপদ ও আরও দায়িত্বশীল সমাজ গঠনের জন্য স্বয়ংসিদ্ধা কর্মসূচিতে শিক্ষার্থীদের শিক্ষিত করে তোলাই প্রধান লক্ষ্য।



# বেলাকোবা কৃষক বাজার সহ বটতলা মার্কেট হাট পরিদর্শন করলেন মন্ত্রী বেচারাম মান্না



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ২০ আগস্ট : জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লকের বেলাকোবা কৃষক বাজার ও বটতলা মার্কেট হাট পরিদর্শ ন করলেন রাজ্যের কৃষি বিপনন ও ভূমি সংস্কার দপ্তরের প্রতিমন্ত্রী বেচারাম মান্না। বুধবার এই পরিদর্শন কর্মসূচিতে মন্ত্রীর সাথে ছিলেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়, রাজগঞ্জ পঞ্চায়েত সমিতির সভাপতি রূপালি দে সরকার, জেলা পরিষদের সদস্য রনবীর মজুমদার সহ অন্যান্য নেতৃত্ব। মন্ত্রীকে হাতের কাছে পেয়ে হাট কমিটির সদস্যরা হাটের উন্নয়ন এর জন্য বেশ কয়েকটি দাবি জানান। দাবিগুলির মধ্যে রয়েছে বেলাকোবা পুলিশ ফাঁড়িটি হাটে স্থানান্তরিত করা, হাটের জলনিকাশী ব্যবস্থার উন্নয়ন করা, গরু হাটিতে টয়লেটের ব্যবস্থা করা ও হাটের সর্বত্র পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা। পরিদর্শন শেষে মন্ত্রী জানান হাটের উন্নয়নের লক্ষ্যে ব্যবসায়ীরা যে দাবি গুলো করেছেন সেগুলো যথার্থ। পুলিশ ফাঁড়ির স্থানন্তর করার জন্য তিনি সংশ্লিষ্ট দপ্তরের সাথে কথা বলবেন। জল নিকাশী ব্যবস্থা, গরু হাটিতে কমিউনিটি টয়লেট নির্মান ও হাটে দশটি হাই মাস্ট লাইট বসানোর জন্য সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিদের পরিকল্পনা গ্রহনের নির্দেশ দেওয়া হয়েছে। পরিকল্পনা গ্রহনের পর আর্থিক মঞ্জুরীর জন্য অর্থ দপ্তরে আবেদন করা হবে। মন্ত্রী আশা প্রকাশ করেন এই পর্যায় গুলো অতিক্রম করে কাজ শুরু করা সম্ভব হবে।

# অন আর্মি ডিউটি লেখা গাড়িতে চোরাই কাঠ পাচার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ আগস্ট : গাড়িতে অন আর্মি ডিউটি পোস্টার সাঁটিয়ে কাঠ পাচার করার পথে তিন লক্ষাধিক টাকার সেগুন কাঠ সহ গাড়ী আটক করেছে নর্থ রায়ডাক রেঞ্জের বন কর্মীরা। বুধবার বিকেল পাঁচটা নাগাদ শামুকতলা থানায় লিখিত অভিযোগ দায়ের হলো বনদপ্তরের পক্ষ থেকে। বক্সার জঙ্গল থেকে সেগুন গাছ কেটে পাচার করার পথে গাড়িটিকে আটক করে বনদপ্তরের কর্মীরা রায়ডাক মারা খাতা গামী রাস্তার লালচান্দ পুরে। বনদপ্তর এর কর্মীদের কাছ থেকে জানা গেছে ১০৫ সিএফটি সেগুন কাঠ ছিল গাড়িটিতে। সদ্য গাছগুলি কেটে পাচার করার চেষ্টা করেছিল কাঠ পাচারকারীরা। বনদপ্তর এর কর্মকর্তার কাছ থেকে জানা গেছে ট্রাকটি পলিথিন দিয়ে ঢাকা ছিল সামনে কাগজের স্টিকার লাগানো ছিল। স্টিকারে লেখা ছিল অন ডিউটি আর্মি। উদ্ধার করা কাঠের বাজার মূল্য কম করে তিন লক্ষ টাকা জানিয়েছেন বনকর্তা।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |